

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
তানোর, রাজশাহী।
dwa.tanore.rajsahahi.gov.bd



ইতি:পুর্বে বাস্তবায়িত উন্নতবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ছকঃ

| ক্রঃ নং- | ইতি:পুর্বে বাস্তবায়িত উন্নতবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা / আইডির নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা /আইডিআরি কার্যকর আছে কিনা/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | মন্তব্য |
|-------------|---|---|---|---|---------|
| ০১ | ০১ | ০৩ | ০৪ | ০৫ | ০৭ |
| ০১ | সুরক্ষিত বয়ঃসন্ধিকাল ২০২১-২২ | সুরক্ষিত বয়ঃসন্ধিকাল ইনোভেশন আইডিয়ার মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেন্ডার প্রোমোটাররা কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের বাল্যবিবাহের কুফল ও ভার্চুয়াল জগতের নেতৃত্বাচক দিকগুলো সম্পর্কে সচেতন করে তুলবে। এছাড়া সচেতনতামূলক ভিডিও, গান, সিনেমা, প্রদর্শনের মাধ্যমে শিষ্টাচার নৈতিকতা মূল্যবোধ জাগ্রত করে প্রতিটি কিশোর-কিশোরীকে Change agent হিসেবে গড়ে তুলবে। একইভাবে এসব কিশোর-কিশোরীরা অন্যকে ও ভিকটিম হতে দেখলে সাহায্য করার জন্য এগিয়ে আসবে। কিশোর-কিশোরী ক্লাবের সদস্যরা তার বিদ্যালয় কিংবা এলাকার কোন শিশুকে বাল্যবিবাহ কিংবা পারিবারিক সহিংসতার শিকার হতে দেখলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা হেল্প লাইন নম্বর ১০৯ এ ফোন করে জানাবেন। | আছে | পাচ্ছে | |
| ০২ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের চাহিদাতিক প্রশিক্ষণ প্রদান ও স্বাবলম্বী হতে সাহায্য করা। ২০১৭-১৮ | দারিদ্র্যতা, শিক্ষার অভাব, সামাজিক অসচেতনতা, তথ্যের অপ্রতুল্যতা, কর্মসংস্থানের সুযোগ না থাকার ফলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীরা পারিবারিক ও সামাজিকভাবে বৈষম্যের শিকার হয়। যার ফলে এক দিকে যেমন সামাজিক নিরাপত্তার অভাব ঘটে, পারিবারিক নির্যাতনের শিকার হয় সেই সাথে যৌতুকসহ বাল্যবিবাহ বিচ্ছেদের প্রবণতা বৃদ্ধি পায়। এই উন্নতবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের (১৮-৫০) বছর ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান, খুণ প্রদান করা হবে। ফলে সক্ষমতা বৃদ্ধি সহ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবে সেই সাথে সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং বাল্যবিবাহ, যৌতুক, পারিবারিক নির্যাতন সহ বিবাহ বিচ্ছেদের হার হ্রাস পাবে। | আছে | পাচ্ছে | |

| ক্রঃ নং- | ইতি:পুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজিকৃত সেবা / আইডির নাম | সেবা/ আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা /আইডিআরি কার্যকর আছে কিনা/ না থাকলে কারণ | সেবা প্রযোজিত ফলাফল পাচ্ছে কি-না | মন্তব্য |
|-------------|--|---|---|--|---------|
| ০৩ | নারী পুরুষের সমন্বয়ে উঠান বৈঠক এর মাধ্যমে সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। ২০১৭-১৮ | এই উদ্যোগের মাধ্যমে পুরুষদেরকে উঠান বৈঠকের আওতায় আনা। পুরুষদের সুবিধাজনক সময়ে উঠান বৈঠকের আয়োজন করা নারীর মৌলিক অধিকারের উপর গুরুত্ব আরোপ করা, সচেতনতা সৃষ্টি ও সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তনে সহযোগিতা করা। নারী- পুরুষকে এক অন্যের পরিপূরক হিসেবে সহযোগিতা প্রদান। সর্বোপরি নারীর ক্ষমতায়নে ও সিদ্ধান্তে সহযোগিতা করা। | আছে | পাচ্ছে | |
| ০৪ | ৫১-৬১ বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরা পত্তা বৃদ্ধিকেরণ। ২০১৭-১৮ | শিক্ষার অভাব, অসচেতনতা, অজ্ঞতা, দারিদ্র্যতা, দুর্বল পারিবারিক বন্ধন এবং একক পরিবার গঠনের প্রবণতা বৃদ্ধি পাওয়ার কারণে ৫১-৬১ বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাভুক্ত না হওয়ায় অবহেলিত অস্বাস্থ্যকর জীবন যাপন করে। আশ্রয়হীন হয়ে পড়ে এবং বিষমতায় ভোগে। একসময় নিজেকে সমাজের বোৰা মনে করে ভিক্ষাবৃত্তিতে জড়িয়ে পড়ে। এই প্রেক্ষিতে উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে ইতিমধ্যে যারা বিভিন্ন বিষয়ের দক্ষ কিন্তু কাজের সুযোগ পাচ্ছেন না তাদেরকে দক্ষতা অনুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধা দেওয়া হবে, বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হবে। | আছে | পাচ্ছে | |

এস. এম. ফজলুল রহমান
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
তানোর, রাজশাহী।